



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd email: dinajpureducationboard@gmail.com



স্মারক নং-.....

তারিখঃ

বিষয়ঃ স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন বালাবাড়ীহাট দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় ০১/০১/২০২০ ইং তারিখ হতে ৩১/১২/২০২২ ইং পর্যন্ত মোট ০৩(তিন) বৎসরের জন্য নিম্ন লিখিত শর্ত স্বাপেক্ষে স্বীকৃতি নবায়ন করা হলো ।

শর্তসমূহঃ

১. শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং অধ্যয়নরত শিক্ষার্থীর ১০০% এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে ।
২. এস এস সি পরীক্ষার ফলাফল ১০০% এ উন্নীত করতে হবে ।
৩. অনতিবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে ।
৪. অভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন রাখতে হবে ।
৫. শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বছরে ন্যূনতম একবার ছাত্র/ছাত্রীর অভিভাবক সমাবেশ করতে হবে ।
৬. লাইব্রেরীতে বইয়ের সংখ্যা ২০০০ এ উন্নীত করতে হবে এবং রেজিষ্টারের মাধ্যমে বই শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে ।
৭. ছাত্র/ছাত্রী শিক্ষক সমাবেশ জঙ্গী ও ইভটিজিং বিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে ।

স্বীকৃতি মেয়াদ উত্তীর্ণের ০৩(তিন) মাস পূর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে । আরোপিত শর্তসমূহ পরিপূরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদকালের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর ।

তারিখঃ ২৪/০৭/২০২০

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪/০৭/২০২০

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর ।

প্রাপক

প্রধান শিক্ষক

বালাবাড়ীহাট দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়

ডাকঘরঃ বালাবাড়ীহাট, উপজেলাঃ চিলমারী,

জেলাঃ কুড়িগ্রাম ।

স্মারক নং-..... ২৪/০৭/২০২০ (৩)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল ।

- ১। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম ।
- ২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম ।
- ৪। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ) ।
- ৫। অফিস কপি ।